FEB 1 4 2001

তারিখ ...

পৃষ্ঠা ৩ কলাম ৬

দৈনিক সংবাদ

# ফরিদপুরে প্রাথমিক শিক্ষকদের মানববন্ধন ও অনশন পালিত

**ফরিদপুর থেকে জেলা বার্তা পরিবেশক** ঃ প্রাথমিক শিক্ষা জাতীয়করণসহ ২১ দফা দাবির সুপারিশ বাস্তবায়নের লক্ষ্যে বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতি, ফরিদপুর জেলা শাখা গত ৯ই ফেব্রুয়ারি মানববন্ধন ও প্রতীক অনশন পালন করে। কর্মসূচিতে জেলার বিপুলসংখ্যক শিক্ষক অংশগ্রহণ করেন।

কর্মসূচির শেষ পর্বে ফরিদপুর প্রেসক্লাব চত্বরে এক সমাবেশ অনুষ্ঠিত হয়। এতে বক্তব্য রাখেন সমিতির সভাপতি মো. গোলাম রহমান, সাধারণ সম্পাদক মো. আবদুল মালেক মোল্লা ও মো. শাহজাহান মোল্লা। সমাবেশে জেলা সমিতির সদস্য মো. আবদুর রহমান মোল্লা ২১ দফা দাবি পাঠ করেন।